



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ: ২৮.০৫.২০১৭ খ্রি:

### উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক কে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষ থেকে সম্মাননা প্রদান

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক এর উপাচার্য হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ে সফল ভাবে ২ বছর অতিবাহিত করায় বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষ থেকে তাঁকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন ও সম্মাননা প্রদান করা হয়েছে। অদ্য ২৮ মে ২০১৭ তারিখ সকাল ১০ টায় শিক্ষক সমিতির সভাপতি মো. আব্দুল কাইয়ুম এর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ফ্লাগস্টাণ্ডে বেলুন, শান্তির প্রতীক পায়রা উড়ানো এবং দুটি বৃক্ষ রোপনের মাধ্যমে উপাচার্যের ২ বছর পূর্তি উৎসবের শুভ সূচনা করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের অভিভাবক উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। সম্মাননা প্রদান অনুষ্ঠানে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: মুহসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মো. হাসিনুর রহমান, প্রক্টর মো. শফিউল আলম ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. আবু জাফর মিয়া। অনুষ্ঠানে মোবাইলের মাধ্যমে শুভেচ্ছা বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। অনুষ্ঠানে শিক্ষক সমিতির নেতৃবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের ২০ টি বিভাগের বিভাগীয় প্রধান, পরিচালকগণ, শিক্ষকমণ্ডলী, ছাত্র উপদেষ্টাবৃন্দ, সহকারী প্রক্টরবৃন্দ ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সম্মাননা প্রদান অনুষ্ঠানে উপাচার্য মহোদয় উপস্থিত সকল সম্মানিত শিক্ষকবৃন্দকে ধন্যবাদ জানিয়ে বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয় আপনাদের, সরকার একটা নির্দিষ্ট মেয়াদের জন্য আমাকে উপাচার্য হিসেবে এ বিশ্ববিদ্যালয়ে নিয়োগ দিয়েছেন বিশ্ববিদ্যালয়টিকে সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য। আমি এ বিশ্ববিদ্যালয়ের সেবকমাত্র। আপনারা সকলে মিলে নিরলস পরিশ্রম করছেন বিধায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের সুনাম আজ চারদিকে ছড়িয়ে পড়েছে। আপনাদের এ আন্তরিকতা ও কর্তব্যনিষ্ঠা অব্যাহত থাকলে অচিরেই শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে বরিশাল বিশ্ববিদ্যালয় বিশ্ব দরবারে পরিনত হবে এক অনন্য শিক্ষা প্রতিষ্ঠানে। প্রফেসর ড. এস এম ইমামুল হক বরিশাল বিশ্ববিদ্যালয়ে তাঁকে উপাচার্য হিসেবে নিয়োগ দেয়ায় মহামান্য রাষ্ট্রপতি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে বলেন, আপনাদের সকলের সার্বিক সহযোগিতায় বঙ্গবন্ধুর স্বপ্নের বরিশাল বিশ্ববিদ্যালয় অচিরেই একটি আন্তর্জাতিক মানের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পরিনত হবে এ প্রত্যাশা আমার। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের প্রাক্তন অধ্যাপক, বিসিএসআইআর এর সাবেক চেয়ারম্যান ড. এস এম ইমামুল হক ২০১৫ সালের ২৮ মে বরিশাল বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় উপাচার্য হিসেবে যোগদান করেন। এদিকে উপাচার্য মহোদয়ের ২ বছরপূর্তিতে বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগ, ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ, অর্থনীতি বিভাগ, আইন বিভাগ, বাংলা বিভাগ, সিএসই বিভাগ, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, শিশুযত্ন কেন্দ্র, নীল দল এবং সেক্টর কমান্ডারস ফোরাম-মুক্তিযুদ্ধ ৭১ বরিশাল বিশ্ববিদ্যালয় শাখার পক্ষ হতে উপাচার্য মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। একই সাথে উপাচার্য মহোদয় বঙ্গবন্ধু হল কর্তৃক প্রকাশিত বরিশাল বিশ্ববিদ্যালয়ে তাঁর বর্নাত্য ২ বছরের কর্মজীবন সম্বলিত দেয়ালিকার মোড়ক উন্মোচন এবং বস্ত্র বিতরণ কর্মসূচিরও উদ্বোধন করেন। অনুষ্ঠান শেষে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষ থেকে মাননীয় উপাচার্য মহোদয়কে একটি ক্রেস্ট ও বিভিন্ন উপহার সামগ্রী প্রদান করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস